

## 103433 - আঁটসাঁট পোশাকে নামায পড়ার হুকুম

---

### প্রশ্ন

আঁটসাঁট পোশাকে নামায পড়ার হুকুম কী? যে ব্যক্তি আঁটসাঁট পোশাক পরেন সে কি ইমামতি করতে পারেন?

### প্রিয় উত্তর

“আঁটসাঁট পোশাক পরা নারী পুরুষ সবার জন্য মাকরুহ। শরয়ি পোশাক হলো এমন আঁটসাঁট না হওয়া যাতে করে লজ্জস্থানের অবয়ব ফুটে উঠে এবং অতিরিক্ত ঢিলেঢালাও না হওয়া; বরং এ দুটোর মাঝামাঝি মধ্যম পর্যায়ের হওয়া।

তবে নামায সহিহ হবে; যদি পোশাকটি সতর আচ্ছাদনকারী হয়। কিন্তু কোন মুমিন নর ও নারীর জন্য এমন আঁটসাঁট পোশাক পরা মাকরুহ। পোশাক হবে আঁটসাঁট ও ঢিলেঢালার মাঝামাঝি। এটাই হওয়া উচিত।”[সমাপ্ত]

মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন বায (২৯/২১৭)]